

## মডেল অ্যাক্টিভিটি টাস্ক

নবম শ্রেণি

ভূগোল

পূর্ণমান : ২০

১. বিকল্পগুলি থেকে ঠিক উত্তরটি নির্বাচন করে লেখো : ১×৩=৩
- ১.১ উত্তর মেরুতে প্রবতারার উন্নতি কোণ হলো—
- (ক)  $৬০^\circ$  (খ)  $০^\circ$   
(গ)  $৯০^\circ$  (ঘ)  $৪৫^\circ$ ।
- ১.২ যে অক্ষরেখায় পৃথিবীর অভিকর্ষ বলের মান সর্বনিম্ন তা হলো—
- (ক) নিরক্ষরেখা (খ) সুমেরুবৃত্ত রেখা  
(গ) কর্কটক্রান্তি রেখা (ঘ) মকরক্রান্তি রেখা।
- ১.৩ ঠিক জোড়টি নির্বাচন করো —
- (ক) পৃথিবীর উত্তর ও দক্ষিণ মেরু সংযোগকারী কাল্পনিক রেখা—নিরক্ষরেখা  
(খ) সাবমেরিন চালনা — GPS  
(গ) পৃথিবীর উপর চাঁদের ছায়া—চন্দ্রগ্রহণ  
(ঘ) সৌরজগতের উষ্ণতম গ্যাসীয় গ্রহ—বুধ
- ২.১ উপযুক্ত শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ করো : ১×২=২
- ২.১.১ সৌরজগতের আটটি গ্রহের মধ্যে \_\_\_\_\_ গ্রহের ঘনত্ব সর্বাধিক।  
২.১.২ পৃথিবীর পরিধি প্রথম নির্ণয় করেন গ্রিক পণ্ডিত \_\_\_\_\_।
- ২.২ একটি বা দুটি শব্দে উত্তর দাও : ১×৩=৩
- ২.২.১ GPS-এর পুরো কথাটি কী?  
২.২.২ পৃথিবীর মেরু ব্যাস কত কিলোমিটার?  
২.২.৩ কোন বহিঃস্থ গ্রহের ব্যাস সর্বাধিক?
৩. নীচের প্রশ্নগুলির সংক্ষিপ্ত উত্তর দাও : ২×২=৪
- ৩.১ সৌরজগতের অন্তঃস্থ ও বহিঃস্থ গ্রহগুলির মধ্যে দুটি পার্থক্য লেখো।  
৩.২ ‘বিভিন্ন স্থানে বিভিন্ন সময়ে সূর্যোদয় ও সূর্যাস্ত হয়।’—এর ভৌগোলিক কারণ ব্যাখ্যা করো।
৪. নীচের প্রশ্নটির উত্তর দাও : ৩×১=৩
- ‘জিয়ড’—এর ধারণাটি সংক্ষেপে আলোচনা করো।
৫. নীচের প্রশ্নটির উত্তর দাও : ৫×১=৫
- ‘সৌর জগতের বিভিন্ন গ্রহগুলির মধ্যে পৃথিবীই একমাত্র জীবজগতের আবাসস্থল।’—বক্তব্যটির যথার্থতা বিচার করো।